

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৮৮

٩. यन गलाता সूशिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ অব্যাহত ভারী বর্ষনের সময় কোন দু'আ পড়বে

ذِكْنُ مَا يَدْعُو بِهِ الْمَرْءُ عِنْدَ اشْتِدَادِ الْأَمْطَارِ وَكَثْرَةِ دَوَامِهَا بِالنَّاسِ

আরবী

988 _ أَخْبُرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهُمْدَانِيُّ قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْمِجْلِيُّ قَالَ: حَدَّتَنَا خَالِدُ بْنُ مَخْلَد عَنْ سُلَيْمَانَ بْنِ بِلَالِ عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي نَمِرٍ قَالَ: سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكً يَقُولُ: دَخَلَ رَجُلٌ الْمُسْجِدَ يَوْمَ الْجُمُعَةِ مِنْ بَابٍ كَأَنَّ رَجَاءَهُ الْمِنْبُرُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ فَاستقبله قائماً فقال: يارسول اللَّهِ هَلَكَتِ الْمُوَاشِي وَانْقَطَعَتِ السُّبُلُ فَادْعُ اللَّهَ لِيُغيِّتنا فَرَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ يَقُولُ: (اللَّهُمَّ اسْقِنَا اللَّهُمَّ اسْقِنَا) قَالَ أَنسٌ: وَاللَّهِ مَا نَرَى فِي السَّمَاءِ سَحَابَةً وَسَلَّمَ يَدَهُ يَقُولُ: (اللَّهُمَّ اسْقِنَا اللَّهُمَّ اسْقِنَا) قَالَ أَنسٌ: وَاللَّهِ مَا نَرَى فِي السَّمَاءِ سَحَابَةً وَسَلَّمَ يَدَهُ يَقُولُ: (اللَّهُمَّ اسْقِنَا اللَّهُمَّ اسْقِنَا) قَالَ أَنسٌ: وَاللَّهِ مَا نَرَى فِي السَّمَاءِ سَحَابَةً وَسَلَّمَ يَدَهُ مَنْ وَرَائِهِ سَحَابَةً مِثْ لُوسُ فَلَمَا تَوَسَّطَتِ السَّمَاءَ الْتَهُمَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْ فَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْهُ وَسَلَّمَ يَعْفُلُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْفُولُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَّمَ يَمْشِي وَالظِّرَابِ وَالْأَوْدِيةِ وَمَنَابِتِ الشَّجَرِ) قَالَ: فَأَقْلُعَتْ وَخَرَجَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ يَمْشِي وَالْشَرْابِ وَالْأَوْدِيةِ وَمَنَابِتِ الشَّهُمِ عَلَى الْآلَهُ عَلَيْهَ وَسَلَّمَ يَمْشِي وَالطَّرِابِ وَالْؤُودُيةِ وَمَنَابِتِ الشَّهُورِ) قَالَ: فَأَقْلُعَتْ وَخَرَجَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْشِي فَى الشَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَاللَهُ وَلَالَةً فَيَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَّمَ يَعْ وَسَلَّمَ يَعْفَى الْأَلْهُ عَلَيْهَ وَسَلَّمَ يَعْ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَمَ اللَّهُ عَلَيْهَ وَسَلَّمَ عَلَيْهُ وَسَلَمَ عَلَيْهُ وَسَلَهُ عَلَيْهُ وَلَا لَا اللَّهُ عَلَيْهُ وَلَا اللَّهُ عَلَيْهُ وَ

فَسَأَلْتُ أنساً أهو الرجل الأول؟ قال: لا أدري.

الراوي: أُنَس بْن مَالِكٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 988 ا خلاصة حكم المحدث: صحيح.



৯৮৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার জুমু'আর দিন এক ব্যক্তি মসজিদের দরজা দিয়ে প্রবেশ করে যেন তার আশা ছিল মিম্বারের কাছে পৌঁছানো, আর এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুতবা দিচ্ছিলেন। সে ব্যক্তি দাঁড়িয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মুখোমুখি হন, এবং বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, গবাদি পশুগুলো ধ্বংস হয়ে গেলো, রাস্তা-ঘাট বিচ্ছিন্ন হয়ে গেলো, অতএব আল্লাহর কাছে দু'আ করুন যেন তিনি আমাদেরকে পানি দান করেন।

তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাত উঠিয়ে বললেন, "হে আল্লাহ, আপনি আমাদেরকে পানি দান করুন।" আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আল্লাহর কসম, আমরা আসমানে কোন মেঘ বা মেঘ খন্ড দেখতে পাইনি। আমাদের ও সাল পাহাড়ের মাঝে কোন ঘর বা বাড়ির উপর কোন মেঘ দেখতে পাইনি। অতঃপর পাহাড়ের পেছন থেকে ঢালের মতো একটি মেঘ উদয় হলো, অতঃপর যখন সেটি আসমানের মাঝ বরাবর হলো, তখন সেটি ছড়িয়ে পড়লো, তারপর তা বৃষ্টি বর্ষণ করলো। আল্লাহর কসম, আমরা ছয়দিন পর্যন্ত সূর্য দেখতে পাইনি।

তারপর পরের জুমু'আয় ঐ দরজা দিয়ে এক ব্যক্তি প্রবেশ করেন, আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসময় খুতবা দিচ্ছিলেন। তিনি দাঁড়িয়ে তাঁর মুখোমুখী হয়ে বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ধন-সম্পদ সব ধ্বংস হয়ে গেলো, রাস্তা-ঘাট সব ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে গেলো। অতএব আপনি আল্লাহর কাছে দু'আ করুন যেন তিনি আমাদের উপর বৃষ্টি বর্ষন বিরত রাখেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর দুই হাত উঠিয়ে বললেন, "হে আল্লাহ, আমাদের আশেপাশে বর্ষন করুন, আমাদের উপর নয়। হে আল্লাহ, বৃষ্টি বিভিন্ন টিলা, পর্বত, উপত্যকা, বৃক্ষ উৎপাদনের জায়গায় বর্ষন করুন।" রাবী বলেন, অতঃপর বৃষ্টি বর্ষন বন্ধ হয়ে যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (সালাত শেষে) সূর্যের আলোতে বাইরে বের হন। অধঃস্তন রাবী বলেন, আমি আনাস রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করলাম, "এই ব্যক্তি কি প্রথম ব্যক্তি ছিলেন?" জবাবে তিনি বলেন, "আমি জানি না।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১৯৮; সহীহ বুখারী: ১০১৬; সহীহ মুসলিম: ৮৯৭; আবৃ দাউদ: ১১৭৫; নাসাঈ: ৩/১৬১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩২২; সুনান বাইহাকী: ৩/৩৫৫; বাগাবী, শারহুস সুনাহ: ১১৬৬; মুসনাদ আহমাদ: ৩/২৫৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০১৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন